

## 💵 জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জুম'আ রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

## (৯) জুম'আর খুৎবা দুই রাক'আত ছালাতের সমান

সমাজে উক্ত ধারণা প্রচলিত থাকলেও এর পক্ষে কোন ছহীহ হাদীছ নেই। বরং যেগুলো বর্ণিত হয়েছে তার সবই যঈ্কি।

(أ) عَنْ عُمَرَ بْنِ الْخَطَّابِ أَنَّهُ قَالَ إِنَّمَا جُعِلَتِ الْخُطْبَةُ مَكَانَ الرَّكْعَتَيْنِ فَإِنْ لَمْ يُدْرِكِ الْخُطْبَةَ فَلْيُصلِّ أَرْبَعًا.

(ক) ওমর (রাঃ) থেকে বর্ণিত তিনি বলেন, খুৎবাকে দুই রাক'আতের সমান করা হয়েছে। সুতরাং যে খুৎবা পাবে না সে যেন চার রাক'আত ছালাত পড়ে নেয়।[1]

তাহকীক: যঈফ। কারণ আমর ইবনু শু'আইব ও ওমর (রাঃ)-এর মাঝে রাবী বাদ পড়েছে। আর আমর ইবনু শু'আইব ওমর (রাঃ)-এর যুগ পাননি। অথচ হাদীছটি সরাসরি বর্ণনা করা হয়েছে।[2]

(ب) عَنْ عَبْدِ اللهِ بْنِ مَسْعُوْدٍ رَضِىَ اللهُ عَنْهُ قَالَ مَنْ أَدْرَكَ الْخُطْبَةَ فَالْجُمُعَةُ رَكْعَتَانِ وَمَنْ لَمْ يُدْرِكُهَا فَلْيُصلِّ أَرْبَعًا.

(খ) আব্দুল্লাহ বিন মাসঊদ (রাঃ) বলেন, যে ব্যক্তি খুৎবা পাবে তার জন্য জুম'আর ছালাত দুই রাক'আত। আর যে খুৎবা পাবে না সে যেন চার রাক'আত পড়ে নেয়।[3]

তাহকীক : বর্ণনাটি মুনকার। যদিও হাফেয নূরুদ্ধীন আলী ইবনে আবুবকর হায়ছামী (মৃঃ ৮০৭ হিঃ) এর রাবীদের নির্ভরযোগ্য বলেছেন।[4] ছহীহ হাদীছ রয়েছে যে, যে ব্যক্তি জুম'আর ছালাতের এক রাক'আত পাবে, সে আরেক রাক'আত পড়ে নিবে।

عَنْ أَبِيْ هُرَيْرَةَ أَنَّ النَّبِيَّ قَالَ مَنْ أَدْرَكَ مِنَ الْجُمُعَةِ رَكْعَةً فَلْيُصلِّ إِلَيْهَا أُخْرَى.

আবু হুরায়রাহ (রাঃ) হতে বর্ণিত, রাসূল (ছাঃ) বলেন, যে ব্যক্তি জুম'আর ছালাতের এক রাক'আত পাবে সে যেন তার সাথে পরের রাক'আত পড়ে নেয়।[5]

## ফুটনোট

- [1]. মুছান্নাফ ইবনে আবী শায়বা হা/৫৩৬৭, ২/১২৮।
- [2]. সিলসিলা যঈফাহ হা/৫২০০; ইরওয়াউল গালীল হা/৬০৫; তানকীহ, পৃঃ ৪৩৮।
- [3]. ত্বাবারাণী হা/৯৫৪৮।



- [4]. মাজমাউয যাওয়াইদ হা/**৩১**৬৪।
- [5]. ইবনু মাজাহ হা/১১২১; সনদ ছহীহ, ইরওয়াউল গালীল হা/৬২২, ৩/৮৪ পৃঃ।
- Source https://www.hadithbd.com/books/link/?id=1985

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন